

## অনলাইনভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন সিস্টেমের হস্তান্তর ও ব্যবহার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



জেলা ও উপজেলা সমন্বয় কমিটির কর্মপরিধি অনুযায়ী নিজ নিজ জেলায় বহুখাতভিত্তিক পুষ্টি কর্মপরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ এর তত্ত্বাবধায়নে একটি অনলাইনভিত্তিক রিপোর্টিং ও মনিটরিং সিস্টেম প্রস্তুত করা হয়েছে। ইউরোপিয়ান ইউনিয়ন এর অর্থায়নে ও অস্ট্রিয়ান ডেভেলপমেন্ট কোঅপারেশনের সহ-অর্থায়নে, কেয়ার, প্ল্যান ইন্টারন্যাশনাল ও ইএসডিও এর যৌথ বাস্তবায়নে, জয়েন্ট অ্যাকশান ফর নিউট্রিশন আউটকাম (জানো) প্রকল্পের অওতায় সিস্টেমটি তৈরি করা হয়। উক্ত অনলাইনভিত্তিক রিপোর্টিং ও মনিটরিং সিস্টেমের সার্বিক দিক পর্যালোচনা, হস্তান্তর ও বিশেষজ্ঞ মতামতের জন্য গত সোমবার ৮ ফেব্রুয়ারি সকাল ১১টায় জাতীয় পুষ্টি পরিষদের সম্মেলন কক্ষে এক কর্মশালার আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠান শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ পুষ্টি পরিষদের পরিচালক ডা. জোবাইদা নাসরীন। তিনি তাঁর বক্তব্যে বলেন, কেয়ার বাংলাদেশ পুরো প্রক্রিয়ায় বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদকে সার্বিক সহযোগিতা প্রদান করে আসছে। তিনি আন্তরিকভাবে এই সিস্টেমটি তৈরিতে কারিগরি সহযোগিতা প্রদানের জন্য কেয়ার বাংলাদেশসহ অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠান ইউনিসেফ, নিউট্রিশন ইন্টারন্যাশনাল, সেভ দ্য চিলড্রেন এবং এমপাওয়ার এর অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। এছাড়াও তিনি সুনামগঞ্জ ও রংপুরের সমন্বয় কমিটির সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় পুষ্টি পরিষদের মহাপরিচালক ডা. মোঃ খলিলুর রহমান। তিনি তাঁর বক্তব্যে বলেন, অচিরেই এই সিস্টেমটি আমরা জেলা ও উপজেলা পর্যায়ে পৌঁছে দেব এবং আমাদের যে টার্গেট বিশেষ করে জেলা পুষ্টি সমন্বয় কমিটি (ডিএনসিসি) এবং উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি (ইউএনসিসি) গঠন করা হয়েছে তার তার কার্যক্রমের প্রতিফলন আমরা এই সিস্টেমের এর মাধ্যমে অবলম্বন করব।

অনুষ্ঠানে কেয়ার বাংলাদেশের কার্ফি ডিরেক্টর প্রবোধ দেবকোটা তাঁর বক্তব্যে বলেন, মাঠ পর্যায়ে এই সিস্টেম বাস্তবায়নে কেয়ার বাংলাদেশের সর্বাঙ্গিক সহযোগিতা অব্যাহত থাকবে। তিনি এই কার্যক্রমের সাথে সম্পর্কিত সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জনস্বাস্থ্য প্রতিষ্ঠান (এনএনএস)এর ভারপ্রাপ্ত মহাপরিচালক এস এম মোস্তাফিজুর রহমান তার বক্তব্যে বলেন, এই সিস্টেম দিয়ে দেশের বিভিন্ন উপজেলার কার্যক্রমের পরিধি বাড়াতে হবে। এবং বিভিন্ন উপজেলা থেকে উপাত্ত সংগ্রহ করে এই সিস্টেমে সংযোজন করতে হবে। যার ফলে তথ্য ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ আরও সহজতর হবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কেয়ার বাংলাদেশের এক্সট্রিম রুরাল পজার্ট পরিচালক আমানুর রহমান, জানো প্রকল্পের সিনিয়র টিম লিডার নাজনীন রহমান সহ অনেকে। অনুষ্ঠানটিতে সিস্টেমটির সার্বিক দিক উপস্থাপনা করেন জাতীয় পুষ্টি পরিষদের উপপরিচালক ডা. আকতার ইমাম।